

## বেগম কবিতা খানম এর

### জীবন বৃত্তান্ত

বেগম কবিতা খানম ১৯৫৭ সালের ৩০ জুন তারিখে নওগাঁ জেলার নওগাঁ সদর উপজেলার উকিল পাড়ায় জন্ম গ্রহণ করেন। তিনি নওগাঁ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নওগাঁ বিএমসি কলেজ ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা করেন। তিনি ১৯৭৭ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয় হতে প্রাণীবিদ্যা বিভাগে বিএসসি অনার্স, ১৯৭৮ সালে এম.এস.সি এবং ১৯৮১ সালে একই বিশ্ববিদ্যালয় হতে এলএলবি ডিগ্রি লাভ করেন।

তিনি ২২ ফেব্রুয়ারি ১৯৮৪ সনে মুনসেফ হিসেবে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে যোগদান করেন। সর্বশেষ তিনি সিনিয়র জেলা ও দায়রা জজ হিসেবে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস হতে অবসরে যান। চাকুরি জীবনে তিনি দেশের বিভিন্ন জেলায় সহকারি জজ, সিনিয়র সহকারি জজ, যুগ্ম জেলা ও দায়রা জজ, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, জেলা ও দায়রা জজ হিসেবে ও শিশু নির্যাতন ট্রাইবুনালে বিচারক, লেবার কোর্টের চেয়ারম্যান এবং সিনিয়র জেলা ও দায়রা জজ হিসেবে দায়িত্ব পালন করেন।

তিনি দেশে ও বিদেশে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ ও সম্মেলনে অংশ গ্রহণ করেন। এর মধ্যে উল্লেখযোগ্য হল- তানজানিয়াতে অনুষ্ঠিত International Association of Women Judges কর্তৃক আয়োজিত 12<sup>th</sup> International Biennial Conference of the JAWJ & Global Leadership of Women এবং ভারতে অনুষ্ঠিত International Association of Women Judges কর্তৃক আয়োজিত International Conference of the JAWJ & Global Leadership of Women এ অংশগ্রহণ করেন।

তঁার স্বামীর নাম মসিউর রহমান চৌধুরী। ব্যক্তিগত জীবনে তিনি দুই সন্তানের জননী।